NOV. 19 2001

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১২ কলাম ... ১ ......

### সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সংবাদ সম্মেলনে বক্তারা

# স্নাতক ও স্নাতকোত্তর স্তরের শিক্ষা বোর্ডে পরিণত হয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়

**কাগজ প্রতিবেদক :** গত ১০ বছরে জাতীয় বিশ্ববিদ্যালয় দুর্নীতি, ছাত্র-শিক্ষক-অভিভাবক হয়রানি, ফল প্রকাশ নিয়ে গাফিলতি ও জালিয়াতির মাধ্যমে গণতান্ত্রিক পরিচালনা বিধি বা স্বশাসন জাতীয় চরিত্রের বদলে কেবলমাত্র স্নাতক ও স্নাতকোত্তর স্তরের শিক্ষা বোর্ডে পরিণত হয়েছে।

গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট আয়োজিত 'জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনিয়ম' প্রসঙ্গে সংবাদ সম্মেলনে এ বক্তব্য তুলে ধরা হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের ঢাকা নগর শাখার সাধারণ সম্পাদক আবু নাঈম। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সাধারণ সম্পাদক খোকন দাস, ঢাকা নগর শাখার সভাপতি রুহেলী খান ঝুম্পা এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ভুক্ত বিভিন্ন কলেজের প্রতিনিধিবৃন্দ।

সংবাদ সম্মেলনে বলা হয়, দেশের উচ্চ শিক্ষার সর্ববৃহৎ প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও জাতীয় বিশ্ববিদ্যালয় সারা বছর ধরে পার্ট-১, পার্ট-২, অনার্স, মাস্টার্সসহ বিভিন্ন পরীক্ষার এমন রুটিন তৈরি করে যে, বছরের ৩৬৫ দিনের মধ্যে ৮৮ দিনের বেশি বিশ্ববিদ্যালয় খোলা থাকে না। শিক্ষার্থী-শিক্ষকের সংকট উল্লেখ করে আরো বলা হয়, কলেজগুলোতে সাধারণভাবে শিক্ষার্থী-শিক্ষক অনুপাত ১০০:১, কোথাও কোথাও ৩০০:১। অধিকাংশ কলেজেই 'গেস্ট টিচার' ভাড়া করা হয় এবং সেজন্য শিক্ষার্থীদের কাছ থেকে বাড়তি অর্থও আদায় করা হয়।

সংবাদ সম্মেলনে আরো জানানো হয়, বিভিন্ন সময়ে দফায় দফায় বেতন-ফি বৃদ্ধি, নিয়মবহির্ভূত ফি আদায়, ঘুষ, দুর্নীতি, ভর্তি নিয়ে অনিয়মে বিশ্ববিদ্যালয়ের ৬ লক্ষাধিক শিক্ষার্থীর অবর্ণনীয় সংকট হওয়া সত্ত্বেও সরকার কোনো উদ্যোগ নিচ্ছে না।

নেতৃবৃন্দ জাতীয় বিশ্ববিদ্যালয়ের দীর্ঘদিন ধরে বিরাজমান সংকট নিরসনে অবিলম্বে পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে বলেন, অন্যথায় তীব্র আন্দোলন গড়ে তোলা হবে।

ছাত্রফ্রন্ট স্বতন্ত্র পরীক্ষা হল ও ক্লাস রুম নির্মাণ এবং পর্যাপ্ত শিক্ষক নিয়োগের দাবিতে ২০ নভেম্বর থেকে ৩ মাসব্যাপী স্বাক্ষর অভিযান কর্মসূচি ঘোষণা করেছে।

সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ গত ১৬ নভেম্বর চট্টগ্রামের নাজিরহাট কলেজের অধ্যক্ষ গোপালকৃষ্ণ মুহুরীর হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জানান।